

## 💵 শারহুল আক্রীদা আত্-ত্বহাবীয়া

বিভাগ/অধ্যায়ঃ ৬. তার ধ্বংস নেই, তিনি ক্ষয়প্রাপ্তও হবেন না (لا يَفْنَى وَلا يَبِيدُ) রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনে আবীল ইয আল-হানাফী (রহিমাহুল্লাহ)

তার ধ্বংস নেই, তিনি ক্ষয়প্রাপ্তও হবেন না।

ইমাম ত্বহাবী রহিমাহ্লাহ বলেন, (لا يَفْنَى وَلا يَبِيدُ) তার ধ্বংস নেই, তিনি ক্ষয়প্রাপ্তও হবেন না।

•••••

ব্যাখ্যা: এ বাক্যের মাধ্যমে আল্লাহ তা'আলার চিরন্তনতার স্বীকৃতি প্রদান করা হয়েছে। আল্লাহ তা'আলা বলেন,

"ভূপৃষ্ঠের প্রতিটি জিনিসই ধ্বংস হবে। শুধু অবশিষ্ট থাকবে তোমার প্রতিপালকের চেহারা (সত্তা), যা মহিমাময় ও মহানুভব" (সূরা আর রাহমান: ২৭-২৮)।

এবং البيد শব্দদ্বয় অর্থের দিক থেকে প্রায় কাছাকাছি। বক্তব্যকে শক্তিশালী করার জন্য উভয় শব্দকে একসাথে উল্লেখ করা হয়েছে। একই সঙ্গে এ বাক্যটি ইমাম ত্বহাবী রহিমাহ্ল্লাহর পূর্বোক্ত কথা دائم بلا انتهاء \_ \_ এর মর্মার্থকেও সাব্যস্ত ও শক্তিশালী করেছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8878

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন